



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্ব উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

১। ঢাঃ বিঃ মেডিকেল সেন্টার

নার্সিং এটেনডেন্ট টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এস.এস.সি/সমমান পাসসহ বাংলাদেশ নার্সিং কাউন্সিল হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং কোর্স-পাস হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
--	-----------	--


২। হিসাব পরিচালকের দপ্তর


জুনিয়র হিসাব সহকারী মাস্টাররোলে(NO Work No Pay ভিত্তিতে) দৈনিক ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা পারিশ্রমিক প্রদান সাপেক্ষে	২ (দুই) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণিসহ ন্যূনতম স্নাতক (বাণিজ্য) পাস হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
--	------------	---

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনকৃত্য উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ১০-০৩-২০১৬ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র প্রধান মেডিকেল অফিসার ঢাঃ বিঃ-এর অফিসে এবং ক্রমিক-২-এর আবেদনপত্র হিসাব পরিচালকের অফিসে পৌছাইতে হইবে।

আবেদনকারীদেরকে অবশ্যই আবেদনপত্রে তাহাদের শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন/উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।


১৫/২/১৬


১৫/২/১৬